

সারাদেশ

টেন্ডারবাজি-চাঁদাবাজির মাধ্যমে মানুষকে শোষণ করছে সরকার: শিবির সেক্রেটারি



প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ০৭ অক্টোবর ২০২৬, ১০:০৯ PM



ইসলামী ছাত্রশিবিরের সেক্রেটারি জেনারেল সিবগাতুল্লাহ সিবগা অভিযোগ করে বলেছেন, নতুন সরকার জনগণের অধিকার খর্ব করছে। টেন্ডারবাজি ও চাঁদাবাজির মাধ্যমে সাধারণ মানুষকে শোষণ করা হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

বুধবার (৭ অক্টোবর) বিকেলে কুষ্টিয়ার কুমারখালীর রায়ডাঙ্গা-কয়া ঈদগাহ মাঠে শহীদ আবরার ফাহাদের কবরসংলগ্ন এলাকায় আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বুয়েট শিক্ষার্থী শহীদ আবরার ফাহাদের সপ্তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কুষ্টিয়া শহর শাখা এ কর্মসূচির আয়োজন করে।

সিবগাতুল্লাহ সিবগা বলেন, বাংলাদেশের ৭০ শতাংশ মানুষ পরিবর্তন চেয়েছিল। আমরা নিপীড়নমূলক শাসনব্যবস্থার অবসান চেয়েছিলাম। আগ্রাসনবাদী শক্তি থেকে বাংলাদেশের মুক্তি চেয়েছিলাম। কিন্তু নতুন সরকার এসে আবারও জনগণের অধিকার খর্ব করছে। তারা

টেন্ডারবাজি-চাঁদাবাজির মাধ্যমে সাধারণ মানুষকে শোষণ করছে।

এসব কর্মকাণ্ড বন্ধে প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর প্রতি আহ্বান জানান তিনি।

কুষ্টিয়া শহর শাখা ছাত্রশিবিরের সভাপতি হাফেজ আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সংগঠনের কেন্দ্রীয় মিডিয়া সম্পাদক হাফেজ মুজাহিরুল ইসলাম, সাবেক কেন্দ্রীয় বায়তুলমাল সম্পাদক ও কুষ্টিয়া জেলা জামায়াতের সেক্রেটারি এনামুল হক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ইউসুফ আলী, কুষ্টিয়া জেলা শাখার সভাপতি ইমরান বিশ্বাস এবং শহীদ আবরার ফাহাদের চাচা রবিউল ইসলামসহ অন্যরা।

আলোচনা সভায় বক্তারা শহীদ আবরার ফাহাদের আত্মত্যাগের কথা স্মরণ করেন। একই সঙ্গে অন্যায়, নিপীড়ন ও বৈষম্যের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা। শিক্ষাঙ্গনে ন্যায়, শৃঙ্খলা ও আদর্শভিত্তিক পরিবেশ গড়ে তোলার ওপরও গুরুত্বারোপ করেন বক্তারা।

অনুষ্ঠানের শেষে শহীদ আবরার ফাহাদসহ দেশের জন্য আত্মত্যাগকারীদের রুহের মাগফিরাত এবং দেশের শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

এ বিভাগের আরও খবর



মাদারীপুরে ৫০ পিস ইয়াবাসহ তরুণী গ্রেপ্তার
মাদারীপুর পৌর শহরের কলেজ রোড এলাকায় অভিযান চালিয়ে ৫০ পিস ইয়াবাসহ নারীসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (৬ অক্টোবর)...



ঝালকাঠিতে গভীর রাতে ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন
ঝালকাঠি শহরে গভীর রাতে চিকিৎসাসেবা নিশ্চিত করতে ঔষধের ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বুধবার ৭ অক্টোবর...



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাপাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...



রাজৈরে ইয়াবাসক্ত হেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত হেলের অভ্যচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি ব্রিজের সূতা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/tendarbaji-chandabajir-madhjme-manushke-shoshn-krchhe-srkar-shibir-sekretari>